সংবাদ

তারিখ ... 1.9.83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 3 ...

০৬৯

# মধ্য ফেব্রুয়ারীর ঘটনা তদন্ত কমিশনের কাজ শুরু হয়েছে

গতকাল বুধবার 'সংবাদ'-এ মধ্য ফেব্রুয়ারীর ঘটনা তদন্ত কমিশনের কাজ শুরু হয়েছে শীর্ষক খবরের অংশবিশেষ ছাপা হয়েছে। আজ বাকী অংশ দেয়া হল।

তদন্তের ব্যাপারে আগ্রহী জনসাধারণকে নিম্নোক্ত ক্ষেত্রে তদন্ত কমিশনকে সহায়তা করার পরামর্শ দেয়া হয়েছে।

(১) কমিশন প্রকাশ্যে বসবেন এবং যথাসম্ভব দেওয়ানী কার্যবিধিতে নির্দেশিত পদ্ধতি অনুযায়ী তদন্ত কাজ পরিচালনা করবেন। (২) ঘটনাবলী সম্পর্কে অবগত সকল ব্যক্তিকে কমিশনের সামনে সাক্ষ্য দেয়ার আহবান জানানো হয়েছে। (৩) তাদের সাক্ষ্য রেকর্ড করা হবে, কোন বিপক্ষ থেকে থাকলে তাদেরকে সেই পক্ষের উপস্থিতিতে শপথ গ্রহণপূর্বক জবানবন্দি দিতে হবে এবং তাদের জেরা করা হবে। (৪) সাক্ষ্যদানে ইচ্ছুক ব্যক্তিদেরকে তাদের নাম, পদবী ও পূর্ণাঙ্গ ঠিকানা ২০শে সেপ্টেম্বরের মধ্যে দাখিল করার অনুরোধ করা হচ্ছে। (৫-ক) সাক্ষী হতে ইচ্ছুক ব্যক্তিদের মধ্যে যারা ঘটনাবলীর সঙ্গে জড়িত বা এসব ঘটনার দ্বারা ক্ষতিগ্রস্ত তাদেরকে এসব ঘটনার পেছনে যে পরিস্থিতি কাজ করেছে সে সম্পর্কে লিখিত বিবৃতি ২০শে সেপ্টেম্বরের মধ্যে দাখিল করতে হবে। (৫খ) অন্যান্য সাক্ষীদেরও একই সময়ের মধ্যে অনুরূপ লিখিত বিবৃতি দাখিল করতে হবে (৬) কমিশন যে কোন ব্যক্তির উপর সমন জারি ও তাকে হাজির করতে এবং সাক্ষী হিসেবে জেরা করতে পারবেন এবং কমিশনের যেকোন দলিল উদঘাটন ও দাখিল করার দরকার হতে পারে। (৭) অন্যথা কিছু না জানানো হলে উপরে উল্লিখিত সাক্ষীদের নাম ঠিকানা ও লিখিত বিবৃতি তদন্ত কমিশনের কাছে সশরীরে এসে কিংবা রেজিস্টার্ড ডাকযোগে দাখিল করতে হবে। (৮) সাক্ষীদের জেরা ২৫শে সেপ্টেম্বর থেকে শুরু হবে। তদন্তের স্থান শিগগিরই ঘোষণা করা হবে। (৯) কমিশন, তদন্তাধীন বিষয়ের প্রকৃত অবস্থা নির্ণয়ে সহায়তা করতে সক্ষম এমন সর্বস্তরের লোকের সহযোগিতা কামনা করেছেন। খবর তথ্য বিবরণীর।